

কর্তৃপক্ষের প্রতি ব্যবস্থাপনা পত্র

বরাবর

চেয়ারম্যান

০৬ নং জঙ্গল ইউনিয়ন পরিষদ

এলজিডি আইডি নং: ৩৮-২০৭৬৬

উপজেলাঃ বালিয়াকান্দি।

জেলাঃ রাজবাড়ী।

বিষয় : ইউনিয়ন পরিষদে ৩০শে জুন, ২০২১ ইং তারিখে সমাপ্ত আর্থিক বছরের হিসাব নিরীক্ষার উপর নিরীক্ষা পর্যবেক্ষণ, মন্তব্য এবং নিরীক্ষকের সুপারিশমালা সম্বলিত কর্তৃপক্ষ সমীপে পত্র।

প্রিয় মহোদয়

৩০শে জুন, ২০২১ ইং তারিখের সমাপ্ত আর্থিক বছরের ০৬ নং জঙ্গল ইউনিয়ন পরিষদের নগদ প্রাপ্তি ও পরিশোধের বিবরণী আমরা নিরীক্ষা করেছি এবং নিরীক্ষিত বিবরণীটি আলাদাভাবে দাখিল করেছি।

উক্ত ইউনিয়ন পরিষদের হিসাব সংক্রান্ত রেকর্ডের যথাযথ সংরক্ষণ এবং হিসাব প্রণয়নের দায়িত্ব এর পরিচালনা কর্তৃপক্ষের। পরিষদের সম্পদের নিরাপত্তা এবং অনিয়ম ও প্রতারণা রোধ ও উদঘাটনের উপযোগী পর্যাপ্ত হিসাব সংক্রান্ত রেকর্ড ও পদ্ধতি সম্বলিত উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা ও তা সংরক্ষণ করা ও পরিচালনা কর্তৃপক্ষের দায়িত্ব।

আপনার ইউনিয়ন পরিষদের কেবল যে সব নিয়ন্ত্রণ ও পদ্ধতিকে আমাদের নিরীক্ষার ধরণ নিরূপণের জন্য প্রয়োজন মনে করেছি আমরা শুধু সে সব নিয়ন্ত্রণ ও পদ্ধতিকে আমাদের নিরীক্ষায় পর্যালোচনা করেছি। সুতরাং নিয়ন্ত্রণ সংক্রান্ত বিদ্যমান সমুদয় দুর্বলতা আমাদের নিরীক্ষায় গোচরীভূত নাও হতে পারে এবং সেগুলো উদঘাটনের জন্য আমাদের নিরীক্ষার উপর নির্ভর করা উচিত নয়। এছাড়াও আত্মসাৎ কিংবা অন্যান্য অনিয়ম উদঘাটনের জন্য আমাদের প্রতিবেদনের উপর নির্ভর করা ঠিক হবেনা; যদিও আমরা যে পরীক্ষামূলক যাচাই করেছি তার ফলশ্রুতিতে আত্মসাৎ কিংবা অন্যান্য অনিয়ম থেকে থাকলে তা উদঘাটনের সম্ভাবনা রয়েছে।

বিদ্যমান অবস্থায় নমুনা হিসাবে হিসাব পদ্ধতি ও রেকর্ড পত্রাদি যেগুলোর আমরা প্রয়োজন মনে করেছি সেগুলো আমাদের নিরীক্ষায় অন্তর্ভুক্ত করেছি। আমাদের নিরীক্ষা পর্যবেক্ষণ এবং মতামতের আলোকে নিরীক্ষাকালীন সময়ে আমরা যে কয়টি বিষয় পর্যবেক্ষণ করেছি সেগুলো সুপারিশ, পরিচালনা কর্তৃপক্ষের প্রতিক্রিয়াসহ আমাদের পর্যবেক্ষণ পরবর্তী পৃষ্ঠায় প্রদান পূর্বক আপনার দৃষ্টিগোচর করা বাঞ্ছনীয় মনে করেছি।

সুপারিশ ও পরিচালনা কর্তৃপক্ষের প্রতিক্রিয়াসহ আমাদের পরীক্ষকের মন্তব্য নিম্নে উপস্থাপন করা হলোঃ

